গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৩৫/২০১৭-১৮

ঢাকা, বৃহস্পতিবার ১১ জানুয়ারি ২০১৮, ২৮ পৌষ ১৪২৪

১। যথাযোগ্য মর্যাদায় সারাদেশে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

২। জাতির পিতার ফিরে আসার মধ্য দিয়ে পূর্ণতা পায় স্বাধীনতা : আলোচনাসভায় প্রধানমন্ত্রী

৩। নির্বাচন ঠেকাতে এলে জনগণই প্রতিহত করবে : সংসদে প্রধানমন্ত্রী

৪। জাতীয় সংসদে কলেজ অব ফিজিশিয়ানস বিল পাস

৫। ব্যাংক ঋণ আত্মসাতে জড়িতদের বিরুদ্ধে মামলা চলছে : অর্থমন্ত্রী

৬। নিরাপদ সমাজ প্রতিষ্ঠায় আরও দায়িত্বশীল হতে হবে : পুলিশ সদস্যদের প্রতি রাষ্ট্রপতি

৭। সাত ক্রয়প্রস্তাব অনুমোদন দিয়েছে ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

৮। বিদেশে কর্মী পাঠাতে উন্নত দেশ খুঁজছে সরকার : প্রবাসী কল্যাণমন্ত্রী

৯। আগামীকাল জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী

১০। সারাদেশে আজ থেকে উন্নয়ন মেলা

১১। রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় বাংলাদেশের সম্মান বেড়েছে : পররাষ্ট্রমন্ত্রী

১২। বিশ্ব ইজতেমার প্রথম পর্ব আগামীকাল থেকে

চলমান পাতা-২

১। যথাযোগ্য মর্যাদায় সারাদেশে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে সর্বস্তরের মানুষের শ্রদ্ধা নিবেদন, স্মৃতিচারণ, আলোচনাসভা, দোয়া মাহফিল ও সব ষড়যন্ত্র রুখে দিয়ে মুক্তিযুদ্ধের চেতনায় দেশকে এগিয়ে নেওয়া এবং উন্নয়নের ধারা অব্যাহত রাখার অঙ্গীকারের মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় গতকাল (১০ জানুয়ারি বুধবার) সারাদেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকালে ধানমণ্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। পুষ্পস্তবক অর্পণশেষে প্রধানমন্ত্রী স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধার নিদর্শন হিসেবে কিছু সময় নীরবে দাঁড়িয়ে থাকেন। পরে কেন্দ্রীয় নেতৃবৃন্দকে সঙ্গে নিয়ে আওয়ামী লীগ সভানেত্রী হিসেবে শেখ হাসিনা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

২। জাতির পিতার ফিরে আসার মধ্য দিয়ে পূর্ণতা পায় স্বাধীনতা : আলোচনাসভায় প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশের মানুষের আন্দোলন ও বিদেশি চাপের মুখে পাকিস্তানিরা বঙ্গবন্ধুকে মুক্তি দিতে বাধ্য হয়েছিল। ১৯৭২-এর ১০ জানুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশে ফিরে আসার মধ্য দিয়েই স্বাধীনতা পূর্ণতা পেয়েছিল। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে গতকাল (১০ জানুয়ারি বুধবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আওয়ামী লীগ আয়োজিত এক আলোচনাসভায় প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

৩। নির্বাচন ঠেকাতে এলে জনগণই প্রতিহত করবে : সংসদে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেছেন, আগামী সংসদ নির্বাচন ঠেকাতে যারা মাঠে নামবে অতীতের মতো জনগণই তাদের প্রতিহত করবে। প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সরকার তার নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে এগিয়ে যাচ্ছে। আগামী ৩ বছরের মধ্যে রূপকল্প ২০২১ বাস্তবায়নের শেষ পর্যায়ে একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনা রূপকল্প ২০৪১ প্রণয়ন করে জাতির সামনে উপস্থাপন করা হবে। রূপকল্প '৪১ বাস্তবায়নে আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্ক আরও বাড়ানো হবে। গতকাল (১০ জানুয়ারি বুধবার) জাতীয় সংসদের ১৯তম অধিবেশনের তৃতীয় কার্যদিবসে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তরপর্বে এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৪। জাতীয় সংসদে কলেজ অব ফিজিশিয়ানস বিল পাস

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস অ্যান্ড সার্জনস বিল-২০১৭ গতকাল (১০ জানুয়ারি বুধবার) জাতীয় সংসদে কণ্ঠভোটে পাস হয়েছে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বিলটি পাসের জন্য উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১৩,ক.৬)।

৫। ব্যাংক ঋণ আত্মসাতে জড়িতদের বিরুদ্ধে মামলা চলছে : অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করে তা আত্মসাতের সঙ্গে জড়িত কর্মকর্তাদের বিরুদ্ধে দুদক ইতোমধ্যে আদালতে মামলা দায়ের করেছে। চুরি, লোপাট হয়ে যাওয়া টাকা ফেরত আনার জন্য অর্থ ঋণ আদালতসহ বিভিন্ন আদালতে মামলা চলমান রয়েছে। গতকাল (১০ জানুয়ারি বুধবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

৬। নিরাপদ সমাজ প্রতিষ্ঠায় আরও দায়িত্বশীল হতে হবে : পুলিশ সদস্যদের প্রতি রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে দায়িত্বের সাথে নিরপেক্ষভাবে কর্তব্য পালনের জন্য পুলিশবাহিনীর প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি পুলিশ সপ্তাহ-২০১৮ পালন উপলক্ষে গতকাল (১০ জানুয়ারি বুধবার) বঙ্গভবনে এক সভায় ভাষণ দানকালে ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের উদ্দেশে বলেন, গণতান্ত্রিক মূল্যবোধ ও মানবাধিকার সমুন্নত রেখে নিরপেক্ষভাবে দায়িত্ব পালন করতে হবে। রাষ্ট্রপতি ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে সর্বোচ্চ দেশপ্রেম, সততা ও আন্তরিকতার সঙ্গে এ দেশের সেবায় আত্মনিয়োগের জন্য পুলিশের প্রতি আহ্বান জানান। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬)।

৭। সাত ক্রয়প্রস্তাব অনুমোদন দিয়েছে ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

দেশের কমিউনিটি ক্লিনিকগুলোতে ২৭ প্রকার ওষুধ সরবরাহের ক্রয়প্রস্তাবসহ ৭টি ক্রয়প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এতে মোট ব্যয় হবে ৮০২ কোটি টাকা। গতকাল (১০ জানুয়ারি বুধবার) সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এসব ক্রয়প্রস্তাব অনুমোদিত হয়। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **বণিক বার্তা** (পৃ.২,ক.৩), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

৮। বিদেশে কর্মী পাঠাতে উন্নত দেশ খুঁজছে সরকার : প্রবাসী কল্যাণমন্ত্রী

চলতি বছর বাংলাদেশ থেকে ১২ লাখ কর্মী বিদেশে পাঠানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। এজন্য প্রচলিত শ্রমবাজারের পাশাপাশি উন্নত দেশ খোঁজা হচ্ছে। এর মধ্যে জাপান, ইতালি, প্যারাগুয়েসহ বেশ কয়েকটি দেশ রয়েছে। সেখানে প্রবাসীরা ভালো বেতনে কাজ করে দেশে ফিরে ভালো কিছু করতে পারবেন। গতকাল (১০ জানুয়ারি বুধবার) প্রবাসী কল্যাণ ভবনে 'সাফল্যগাঁথা-২০১৭' উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫) **সমকাল** (পৃ.৫,ক.২), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

৯। আগামীকাল জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সরকারের চার বছর পূর্তি উপলক্ষে আগামীকাল (১২ জানুয়ারি শুক্রবার) সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন। সরকারের চার বছর পূর্তিতে ১২ জানুয়ারি আর্মি স্টেডিয়ামে অনুষ্ঠেয় সাংস্কৃতিক অনুষ্ঠানের বিভিন্ন দিক তুলে ধরার সময় গতকাল (১০ জানুয়ারি বুধবার) সচিবালয়ে সংস্কৃতি বিষয়কমন্ত্রী আসাদুজ্জামান নূর এ তথ্য জানান। আগামীকাল ১২ জানুয়ারি আর্মি স্টেডিয়ামে সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর ভাষণ প্রচার করা হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

১০। সারাদেশে আজ থেকে উন্নয়ন মেলা

দ্বিতীয়বারের মতো আজ (১১ জানুয়ারি বৃহস্পতিবার) থেকে তিন দিনব্যাপী দেশের সব জেলা ও উপজেলায় উন্নয়ন মেলা-২০১৮ শুরু হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল ১০টায় গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ মেলার উদ্বোধন করবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭) **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

১১। রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় বাংলাদেশের সম্মান বেড়েছে : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পররাষ্ট্রনীতির মূল ভিত্তি হল- 'সবার সঙ্গে বন্ধুত্ব, কারো সঙ্গে শত্রুতা নয়।' কিন্তু রোহিঙ্গা ইস্যুতে অনেকের সঙ্গে আমাদের সম্পর্ক কিছুটা শীতল হয়েছে। বিশেষকরে মিয়ানমারের সঙ্গে। তবে মানবিক কারণে রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় বিশ্বে বাংলাদেশের সম্মান বেড়েছে। গতকাল (১০ জানুয়ারি বুধবার) বাংলাদেশ ইন্সটিটিউট অভ্

ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) আয়োজিত 'বিশ্ব পরিস্থিতির পরিবর্তন : বাংলাদেশের পররাষ্ট্র নীতি' বিষয়ক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

১২। বিশ্ব ইজতেমার প্রথম পর্ব আগামীকাল থেকে

টঙ্গীর তুরাগ নদীর তীরে তাবলিগ জামাতের বিশ্ব ইজতেমার প্রথম পর্ব আগামীকাল (১২ জানুয়ারি শুক্রবার) থেকে শুরু হচ্ছে। ইতোমধ্যে ইজতেমার যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে। দ্বিতীয় পর্বের ইজতেমার শুরু হবে ১৯ জানুয়ারি। দু'পর্বেই পৃথকভাবে অনুষ্ঠিত হবে আখেরি মোনাজাত। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সমকাল** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

সম্পাদকীয়

ক. **জনকণ্ঠ, সংবাদ, ভোরের কাগজ, সমকাল, যায়যায়দিন, ডেইলি সান :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুলিশ সপ্তাহ উদ্বোধনকালে পুলিশ সদস্যদের জনবান্ধব হওয়ার যে আহ্বান জানিয়েছেন তা উল্লেখ করে সে সাথে সাথে পুলিশকে জনগণের বিশ্বাস ও আস্থা অর্জনে সচেষ্ট হতে হবে বলে মতপ্রকাশ।

খ. **ইত্তেফাক, সংবাদ :** কক্সবাজারের একটি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে কতিপয় শিক্ষক কর্তৃক একজন অভিভাবককে হাত-পা বেঁধে নির্যাতনের ঘটনার নিন্দা জানিয়ে অবিলম্বে এসব শিক্ষকের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **ইনকিলাব :** ঢাকা উত্তর ও দক্ষিণের প্রবেশপথ থেকে শুরু করে সব গুরুত্বপূর্ণ রাস্তা দীর্ঘদিন ধরে খোঁড়াখুঁড়ি অথবা খানাখন্দে বেহাল দশায় আছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** মাল্টি লেভেল মার্কেটিং (এমএলএম) কোম্পানির প্রতারণা রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **প্রথম আলো :** বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক বিদেশগামী কর্মীদের শতভাগ বীমার আওতায় আনার পদক্ষেপকে স্বাগত জানিয়ে তা বাস্তবায়ন প্রত্যাশা।

চ. **ইন্ডিপেনডেন্ট :** প্রচণ্ড শীতে বোরো ধানের বীজতলাসহ অন্যান্য ফসলের ব্যাপক ক্ষতির আশঙ্কায় উদ্বেগ প্রকাশ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ক্ষতি লাঘব করার পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **নিউজ টুডে :** ট্যানারির অপরিশোধিত পানিতে ধলেশ্বরীর পানি ক্রমান্বয়ে দূষিত হয়ে পড়ার পরিপ্রেক্ষিতে অনতিবিলম্বে সিইটিপি'র ত্রুটি দূর করে দ্রুত চালুর সুপারিশ।

জ. **এশিয়ান এজ, নিউ নেশন :** বনভূমিকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে সরকারকে বনভূমি ব্যবস্থাপনায় পর্যাপ্ত ও যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে উন্নয়ন ভাবনা ও কর্মসূচি দলমত নির্বিশেষে নিরপেক্ষভাবে পরিচালিত হতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'আর্থিকখাতে শুদ্ধাচার'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ব্যাংক ব্যবস্থায় দুর্নীতি, অনিয়ম, অব্যবস্থাপনা দূর করে শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠা করতে হবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৭